অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/25/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওনোন্ডাগ কাউন্টিতে 50-ইউনিটের সাশ্রয়ী ও সমর্থনকারী আবাসন উন্নয়নের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

সিসেরো টাউনে নতুন করে নির্মিত উন্নয়ন প্রবীণ ব্যক্তিদের জন্য 35টি অ্যাপার্টমেন্ট এবং প্রাক্তন সেনাদের জন্য সমর্থনকারী পরিষেবা দিয়ে 15টি অ্যাপার্টমেন্ট তৈরি করেছে

বিনিয়োগটি 'CNY রাইজিং' এর সম্পূরক যা হল সম্প্রদায়সমূহকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতির বিকাশে অঞ্চলটির সার্বিক কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ ওনোন্ডাগ কাউন্টির সিসেরো টাউনে মনার্ক কমন্স নামে 50-ইউনিট সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পের নির্মাণকাজ সম্পন্ন হয়েছে বলে ঘোষণা করেছেন। এই শক্তি-সাশ্রয়ী উন্নয়নটির মধ্যে গৃহহীনতার সম্মুখীন প্রাক্তন সেনাদের জন্য 15টি সহায়ক আবাসন অন্তর্ভুক্ত রয়েছে।

"Micron-এর মতো সংস্থা চলে আসার কারণে, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং ওনোন্ডাগ কাউন্টি বিকাশের ভার নিতে প্রস্তুত এবং এই অঞ্চলটির বৈচিত্র্যপূর্ণ জনসাধারণকে ধরে রাখতে এবং ভবিষ্যতের জন্য নতুন সুযোগ দিতে সমস্ত ধরনের নতুন আবাসন প্রয়োজন," **বলেন গভর্নর হোকল।** "মনার্ক কমন্স প্রবীণ ব্যক্তি এবং প্রাক্তন সেনাদের বসবাসের জন্য একটি নিরাপদ জায়গা দেবে তাদের প্রিয় সম্প্রদায়গুলিতে, সেইসাথে আমাদের সম্প্রসারিত অর্থনীতির সুযোগ-সুবিধা উপভোগ করতে পারবেন।"

মনার্ক কমন্স গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনাকে সম্পূরণ করে যা পুরো নিউ ইয়র্কে 100,000 সাশ্রয়ী আবাসন তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে দুঃস্থ জনগোষ্ঠীর জন্য 10,000টি সহায়ক পরিষেবা সহ আবাসন থাকবে এবং একই সাথে আরো 50,000 আবাসনে বিদ্যুতের ব্যবস্থা করা হবে।

ওনানডাগার কাউন্টির পার্শ্ববর্তী ক্লে টাউনে মাইক্রন দ্বারা মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে সর্ববৃহৎ সেমিকনডাকস্টর ফেব্রিকেশন সুবিধার ইতিহাস গড়ে ওঠার আগেই মনার্ক কমন্স আসে। মাইক্রন-এ আগামী 20 বছর ধরে 100 বিলিয়ন মার্কিন ডলারের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিনিয়োগ এর

ফলস্বরূপ সেন্ট্রাল নিউ ইয়র্কের প্রত্যাশিত বিকাশের সাথে মানিয়ে নিতে বৈচিত্র্যপূর্ণভাবে আবাসনের সরবরাহ প্রয়োজন।

আবাসন প্রকল্পটিতে থাকবে 48টি এক-বেডরুমের এবং দুইটি দুই-বেডরুমের অ্যাপার্টমেন্ট নিয়ে একটি একক দ্বিতল ভবন। এই সব অ্যাপার্টমেন্টগুলো যেসব পরিবার মাধ্যমিক পর্যায়ের আয়ের শতকরা 60 ভাগ বা তার নিচে উপার্জন করে তাদের সামর্থ্যের মধ্যে রয়েছে।

পনেরোটি মনার্ক কমন্সের অ্যাপার্টমেন্ট গৃহহীন বা গৃহহীন হওয়ার ঝুঁকিতে থাকা প্রাক্তন সেনাদের জন্য সংরক্ষিত রয়েছে। এইসব ব্যক্তির জন্য অনসাইট সহায়ক সেবা পাওয়ার সুযোগ থাকবে, যা প্রাক্তন সেনাকর্মীদের সহায়তা করার বিশেষ জাতীয় প্রতিষ্ঠান সোলজার অন (Soldier On) প্রদান করবে। পরিষেবা ও ভাড়া-সংক্রান্ত ভর্তুকির ব্যয় এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে পরিশোধ করা হবে এবং নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) এটি পরিচালনা করবে।

মনার্ক কমন্স নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority) নতুন নির্মাণ - আবাসন প্রোগ্রামের (স্তর 3) (Authority's New Construction - Housing Program) অধীনে আবশ্যক শক্তি দক্ষতা ও সবুজ ভবন মানদণ্ড মেনে চলে এবং প্রকল্পটি লিডারশিপ ইন এনার্জি অ্যান্ড এনভায়রনমেন্টাল ডিজাইন (Leadership in Energy and Environmental Design, LEED) সনদ লাভ করতে চায়। অন্যান্য শক্তি দক্ষ বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে LED বাতি, কম প্রবাহের পানির লাইন, সর্বদা চলমান বাথ ফ্যান, এবং সকল এনার্জি স্টার (Energy Star) বা সমতুল অ্যাপ্লায়েন্স, সরঞ্জাম, বাতি, ও ফিক্সচার।

প্রত্যেক অ্যাপার্টমেন্টে থাকবে পর্যাপ্ত জিনিস রাখার জায়গা, আধুনিক রান্নাঘরের সুবিধা এবং একটি বহিঃপ্রাঙ্গন বা বারান্দা। প্রবীণ জনগোষ্ঠীর জন্য উন্নয়ন করা আবাসে বয়সোচিত সুবিধার ব্যবস্থা করতে বাথরুমে থাকবে ধরে উঠার হাতল এবং জরুরি অবস্থায় টানার তার। ভবনের সুযোগ-সুবিধার মধ্যে একটি লাউঞ্জ, কমিউনিটি কক্ষ, ব্যায়াম কক্ষ এবং কম্পিউটার কক্ষ থাকবে। ভবনটিতে একটি নিবেদিত অফিস স্পেস এবং সোলজার অন (Soldier On), মনার্ক কমন্স-এর ভেটেরান জনগোষ্ঠীর সমর্থিত সেবা প্রদানকারীর জন্য পৃথক মিটিংয়ের জায়গা থাকবে।

15 মিলিয়ন মার্কিন ডলার মনার্ক কমন্সের জন্য স্টেটের অর্থায়নের মধ্যে ফেডারেল কম-আয়ের আবাসন কর ক্রেডিটে 12 মিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি পুনর্নবীকরণ থেকে ভর্তুকি হিসাবে 2.5 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত ছিল। NYSERDA 175,000 মার্কিন ডলারের সহায়তা প্রদান করেছে। CDS উলফ ফাউন্ডেশন (CDS Wolf Foundation) এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক কমিউনিটি ফাউন্ডেশন (Central New York Community Foundation) অতিরিক্ত তহবিল প্রদান করছে। CDS মনার্ক (CDS Monarch) হচ্ছে ডেভেলপার এবং সহায়ক সেবা প্রদানকারী।

হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "মনার্ক কমন্স একটি বিকাশমান এবং উন্নয়নশীল শহরতলীতে প্রবীণ নিউ ইয়র্কবাসী এবং প্রাক্তন সেনাকর্মীদের জন্য 50টি নিরাপদ, সাশ্রয়ী এবং শক্তি-সাশ্রয়ী বাড়ি দিচ্ছে। OTDA-তে আমাদের অংশীদার, CDS মনার্ক, এবং এই প্রকল্পে নিজেদের কাজের জন্য সোলজার অন (Soldier On)-কে ধন্যবাদ, যে প্রকল্পটি ওনোন্ডাগ কাউন্টিতে সেন্ট্রাল নিউ ইয়র্কের অর্থনীতির এই গুরুত্বপূর্ণ সময়ে জীবনযাত্রার মান উন্নত করবে এবং আবাসনের সরবরাহ বাড়াবে।"

নিউ ইয়র্ক স্টেটের সাময়িক এবং অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance) ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি গুইন বলেন, "গভর্নর হোকল আমাদের প্রাক্তন সেনাদের করা আত্মত্যাগ উপলব্ধি করেছেন এবং যে প্রাক্তন সেনারা মনার্ক কমন্স-এ বসবাস করবেন তারা যাতে তাদের প্রয়োজনীয় সমস্ত সহায়তা পান তা নিশ্চিত করার জন্য আমাদের এজেন্সি অঙ্গীকারবদ্ধ। অনসাইটে সোলজার অন দ্বারা প্রদত্ত সহায়ক পরিষেবাটি গৃহহীন অবস্থার মুখোমুখি হওয়া প্রাক্তন সেনাদের একটি নিরাপদ, সাশ্রয়ী জায়গায় থাকার সুযোগ দেবে যেখানে তারা সহজেই সেইসমস্ত বাধা কাটিয়ে ওঠার জন্য পরিষেবায় অ্যাক্সেস পেতে পারেন যা গৃহহীন থাকার কারণে উঠে এসেছিল।"

NYSERDA প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "পরিচ্ছন্ন, স্থিতিশীল এবং সাশ্রয়ী আবাসন অগ্রসর করা নিউ ইয়র্ক স্টেটের সার্বিক নিঃসরণ হ্রাস কৌশলের একটি মুখ্য উপাদান এবং ওনোন্ডাগ কাউন্টিতে এই প্রকল্পের নির্মাণকাজ সম্পূর্ণ হয়েছে দেখে আমি অত্যন্ত আনন্দিত। মনার্ক কমন্স আমাদের সবচেয়ে দুঃস্থ আবাসিকদের সহায়তার প্রতি স্টেটের প্রতিশ্রুতি তুলে ধরে, পাশাপাশি সাশ্রয়ী আবাসনে অ্যাক্সেস বাড়াতে প্রত্যেকটি সুযোগের সদব্যবহার করে যা শুধু নিরাপদ এবং আরামদায়কই নয়, সেইসাথে STAR যন্ত্রপাতি এবং কম প্রবাহের প্লাম্বিং অন্তর্ভুক্ত করে শক্তি-সাশ্রয়ের ব্যবস্থাও করে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "ওনোন্ডাগের প্রত্যেক বাসিন্দা বাড়ি বলার জন্য একটি নিরাপদ ও সুরক্ষিত জায়গা পাওয়ার যোগ্য এবং সিসেরো টাউনে সাশ্রয়ী-মূল্যের আবাসন এবং সমর্থক পরিষেবা উভয় ক্ষেত্রেই এই উল্লেখযোগ্য বিনিয়োগ দেখে আমি গর্বিত। ফেডারেল লো ইনকাম ট্যাক্স ক্রেডিটগুলিতে 12 মিলিয়ন মার্কিন ডলার, যা আমি সুরক্ষিত করার জন্য কঠোর পরিশ্রম করেছি, সেগুলি ব্যবহার করে ওনান্ডগের আবাসিকদের জন্য 50টি নতুন সাশ্রয়ী মূল্যের অ্যাক্সেসযোগ্য অ্যাপার্টমেন্ট তৈরি করে এবং প্রবীণ ও প্রাক্তন সেনাকর্মীদের গুরুত্বপূর্ণ সহায়ক পরিষেবা সুযোগ দিয়ে, এই নতুন উন্নয়ন আমাদের স্টেটের সবচেয়ে দুঃস্থ বাসিন্দাদের স্বাধীনভাবে বাঁচতে সহায়তা করে। সেন্ট্রাল NY ও পুরো নিউ ইয়র্ক স্টেটে সাশ্রয়ীমূল্যের আবাসন পাওয়ার সুযোগ বৃদ্ধি করার ক্ষেত্রে গভর্নর হোকলের প্রতিশ্রুতির আমি প্রশংসা করছি এবং আমি আবাসনের সরবরাহ বৃদ্ধি করতে এবং নিউ ইয়র্ককে সকলের জন্য আরো সাশ্রয়ীমূল্যের ও বাসযোগ্য করতে লড়াই চালিয়ে যাবো।"

স্টেট সেনেটর জন ডাব্লু. ম্যানিয়ন বলেন, "আমি ভীষণভাবে সিসারোর মনার্ক কমন্সে স্টেটের 15 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগকে সমর্থন করি যা বাজারে প্রবীণ ব্যক্তি এবং প্রাক্তন সেনাদের জন্য 50 ইউনিট সাশ্রয়ী এবং সমর্থনমূলক আবাসন নিয়ে আসছে। এই প্রকল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এবং সকল আবাসিকদের প্রয়োজন পূরণ করে এমন

প্রাণবন্ত সম্প্রদায়গুলি গড়ে তোলায় অংশীদারীত্ব স্থাপনের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি এবং ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলিসদস্য আল স্ট্রাইপ বলেন, "আমি সিসেরোতে মনার্ক কমন্সের বিকাশকে স্বাগত জানাতে পেরে আনন্দিত। এই নতুন আবাসন শুধু ওনোন্ডগ কাউন্টিতে আমাদের প্রবীণ ব্যক্তি এবং প্রাক্তন সেনাদের জন্য আশ্রয়স্থলে অ্যাক্সেস বাড়াবে না, সেইসাথে তাদের নতুন বাড়িতে তাদের প্রয়োজনীয় সহায়ক পরিষেবাও তাদের দেবে। সকল নিউ ইয়র্কবাসীর মাথার উপর ছাদ আছে বলে নিশ্চিত করার ব্যাপারে আমাদের প্রতিশ্রুতির দিকে একটি সাহসী পদক্ষেপ হল এই প্রকল্প এবং আমি এই গুরুত্বপূর্ণ উন্নয়নে সমর্থন করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। আমাদের আশেপাশে আরও নিরাপদ এবং সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করতে আমি প্রতিদিন কঠোর পরিশ্রম করব।"

সিসেরো টাউনের সুপারভাইজর মাইকেল আরেগোনা বলেন, "আজ আমরা CDS মনার্ক কমন্সের গ্র্যান্ড উদ্বোধনকে স্বীকৃতি দিয়ে সকলে একত্রিত হয়েছি, ঠিক এখানে সিসেরো টাউনের কেন্দ্রবিন্দুতে। আমাদের প্রবীন বাসিন্দা এবং প্রাক্তন সেনাকর্মীদের জন্য সাশ্রয়ী-মূল্যের, শক্তি-সাশ্রয়ী অ্যাপার্টমেন্টের ব্যবস্থা করতে CDS তার প্রতিশ্রুতি নিরবিচ্ছিন্নভাবে পালন করে চলেছে। আমরা সবাই আমাদের প্রবীণ বাসিন্দা ও প্রাক্তন সেনাকর্মীদের জন্য সাশ্রয়ী-মূল্যের আবাসনের প্রয়োজনীয় বিষয়ক বাস্তবতা নিয়ে অত্যন্ত সচেতন। এই সম্ভাবনা স্টেট জুড়ে অন্যান্য সম্প্রদায়ে ছড়িয়ে দিতে আমাদের অবশ্যই কাউন্টি এবং স্টেটের কর্মীদের সাথে সহযোগী প্রচেষ্টা বজায় রাখতে হবে। আমাদের আন্তরিক কৃতজ্ঞতা রইল সেই সকল ব্যক্তিদের কাছে যারা এই দূরদর্শিতাকে বাস্তবায়ন করতে তাদের সময়, চেষ্টা এবং আবেগ দিয়েছেন।"

CDS লাইফ ট্রানজিশনসের (CDS Life Transitions) প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যান্ড্রু সিউনাথ বলেন, "মনার্ক কমন্স সাশ্রয়ী আবাসনের থেকেও অনেক বেশি কিছু। এটি এই কমিউনিটির মানুষদের জন্য একটি নিরাপদ, পরিবেশ অনুকূল থাকার ব্যবস্থা দিতে CDS মনার্ক এবং স্টেট ও স্থানীয় কর্মীদের কঠোর প্রতিশ্রুতির প্রতিনিধিত্ব করে, যাদের সেটি সবচেয়ে বেশি প্রয়োজন – প্রাক্তন সেনা এবং এখানে বসবাসকারী সকল বাসিন্দা। মনার্ক কমন্সে, আমাদের বাসিন্দাদের অসাধারণ কাহিনী প্রকাশ্যে আসার জন্য আমরা উন্মুখ হয়ে আছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418